ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৩১
আগরতলা, ২১ জুলাই, ২০২৫

**বাইজালবাড়ি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের নিয়ে দন্ত চিকিৎসা শিবির**

ন্যাশনাল ওরাল হেলথ প্রোগ্রামের অধীন বাইজালবাড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে গত ১৬ জুলাই, বাইজালবাড়ি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে দন্ত চিকিৎসা শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরে বিদ্যালয়ের মোট ৬৭ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। দন্ত চিকিৎসা শিবিরে বাইজালবাড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের দন্ত চিকিৎসক জবা দেববর্মা উপস্থিত ছাত্রছাত্রীদের দাঁত পরীক্ষা করেন। এরমধ্যে ৩২ জন ছাত্র ও ৩৫ জন ছাত্রী ছিল। তাতে পরীক্ষার পর দেখা যায় ২৯ জন ছাত্র-ছাত্রী দাঁতের ক্ষয়জনিত সমস্যায় ভুগছে। দন্ত চিকিৎসক জবা দেববর্মা শিবিরে সকল ছাত্র-ছাত্রীদেরকে দাঁতের যত্ন নেওয়ার বিষয়ে পরামর্শ দেন। এছাড়াও তিনি ছাত্র-ছাত্রীদের নিয়মিত ও সঠিক পদ্ধতিতে দাঁত ব্রাশ করা, খাওয়ার পর ভালো করে মুখ পরিষ্কার করার গুরুত্ব এবং দাঁতের পক্ষে ক্ষতিকারক খাবারগুলি এড়িয়ে চলার বিষয়ে সকলকে সচেতন থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। পাশাপাশি তিনি শিবিরে যেসকল ছাত্র-ছাত্রীর দাঁতের সমস্যা চিহ্নিত করা হয়েছে তাদেরকে দ্রুত স্বাস্থ্য কেন্দ্রে গিয়ে দন্ত চিকিৎসকের পরামর্শ নেওয়ার জন্য বলেন। এই দন্ত শিবিরে স্বাস্থ্যকর্মীরা সকল ছাত্রছাত্রীদেরকে বিনামূল্যে টুথপেস্ট ও টুথব্রাশ প্রদান করেন। মূলত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে দাঁতের স্বাস্থ্য সুরক্ষার গুরুত্ব পৌঁছে দেওয়াই হল এই কর্মসূচির প্রধান লক্ষ্য। উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন বাউজলবাড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের মাল্টিপারপাস ওয়ার্কার স্পিকার দেববর্মা, সুস্মিতা দেববর্মা এবং বিষ্ণু বিশ্বাস সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা। স্বাস্থ্য দপ্তর থেকে প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*****